

3 (Sem-1) BEN M 1

2 0 1 6

BENGALI

( Major )

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) ফুল্লরার পিতা কে?

(খ) “ঠকের মধুর বাণী একচিন্তে রামা শুনি  
ধান্য-ঘর কৈল বিলোকন।”

‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কোন্ অংশে এই বর্ণনা আছে?

(১) কোটালের প্রতি ফুল্লরার বিনয়

(২) ফুল্লরার নিকট ভাঁড়ুদত্তের কপট বাক্য

(৩) হাট পত্তন

(৪) বণিকসহ কালকেতুর কথোপকথন

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(গ) “যেই দিকে চাহে বীর দেখি কেহ নহে স্থির  
কোকনদ সমান নয়ান।”

‘কোকনদ’ শব্দের অর্থ লেখো।

A7/230

( Turn Over )

( 2 )

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো :

“ভালে ফোঁটা মহাদন্ত ছেঁড়া ধুতি কোঁচা লম্ব  
শ্রবণে কলম \_\_\_\_\_।”

(ঙ) “শৈলসূতা আমি তেজা ক্ষেমক্ষরী দশভুজা।”  
বক্তা কে?

(চ) কাশীতে কে অন্নপূর্ণা মন্দির তৈরি করেছিলেন?

(ছ) শূন্যস্থান পূর্ণ করো :

“ওরে বুড়া \_\_\_\_\_ নারদা অল্পেয়ে।”

(জ) “শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।  
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া ॥”

‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ অংশে এই বর্ণনাটি আছে?

(১) বসুন্ধরার জন্ম

(২) বসুন্ধরে অন্নদার শাপ

(৩) অন্নদার জরতীবশে ব্যাসছলনা

(৪) ব্যাসের প্রতি দৈববাণী

(শুদ্ধ উত্তর বেছে লেখো)

(ঝ) “সত্য সত্য এই সত্য আরো সত্য করি।  
সর্বশাস্ত্রে বেদ মুখ্য সর্বদেবে হরি ॥”

বক্তা কে?

(ঞ) “কহে সখী জয়া শুন গো অভয়া  
এ কি কর ঠাকুরালি।”

‘ঠাকুরালি’ শব্দের অর্থ লেখো।

( 3 )

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

(ক) “মোর বাক্য বিশ্বকর্মা কর অবধান।  
মহাবীরের পুরী করহ নির্মাণ ॥”

বক্তা কে? এখানে ‘মহাবীর’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) কালকেতুর পিতা ও মাতার নাম কী?

(গ) “শান্তনুরে করি সারা হয়েছ শিবের দারা  
তোমা সমা পুণ্যবতী কেটা।”

কে, কাকে একথা বলেছেন?

(ঘ) দক্ষালয়যাত্রায় শিবের দুজন অনুচরের নাম লেখো।

(ঙ) “উপযুক্ত দুটি পুত্র অশনি যেমন”

এখানে কোন্ দুটি পুত্রের কথা বলা হয়েছে?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে-কোন দুটি) :  $৫ \times ২ = ১০$

(ক) ‘কালকেতুর ভোজন’ অংশের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) ‘কলিঙ্গবাসিগণের খেদ’ অংশ অবলম্বনে কলিঙ্গ প্রদেশের বন্যায় প্রজাদের যে ক্ষয়ক্ষতি হয়েছিল তার বিবরণ দাও।

(গ) ব্যাখ্যা লেখো :

“সতিনী কোন্দল করে দ্বিগুণ বলিবে তারে  
অভিমাণে ঘর ছাড় কেনি।

কোপে কৈলে বিষপান আপনি তেজিবে প্রাণ  
সতিনের কিবা হবে হানি ॥”

(চণ্ডীর প্রতি ফুল্লরার উপদেশ)

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

(ক) ‘শিবপূজা নিষেধ’ অংশে ব্যাসদেব ও শৌনকাদি ঋষিগণের মধ্যে যে তর্ক-বিতর্ক হয়েছিল, তার সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) শিবের সঙ্গে ‘কন্দল’ করে গৌরী কোথায় চলে যেতে চেয়েছিলেন? সে সময় জয়া তাঁকে যে উপদেশ দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) ব্যাখ্যা লেখো :

“শিববাক্যে নন্দী এক ছাগল কাটিয়া।  
মুণ্ড আনি দক্ষস্বন্ধে দিলেক আঁটিয়া ॥”

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $১০ \times ২ = ২০$

(ক) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত কালকেতু-স্বর্ণগোষ্ঠিকা বৃত্তান্তটির বিবরণ দাও।

(খ) ভাঁড়ুদত্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) “কালকেতুর পশুশিকার কাহিনীকে উপলক্ষ করিয়া মুকুন্দরামের কাব্যরস, হাস্যরসিকতা ও রূপকের আরোপদক্ষতা যেন উদ্বেল হইয়া উঠিয়াছে।”

পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা প্রতিপন্ন করো।

(ঘ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্য অবলম্বনে কালকেতু-ফুল্লরার সাংসারিক জীবনের ছবিটি স্পষ্ট করো।

৬। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $১০ \times ২ = ২০$

(ক) “উপযুক্ত পরিস্থিতিতে উপযুক্ত শব্দ ব্যবহারের যে ক্লাসিক গুণ ভারতচন্দ্রের পরিচ্ছন্ন ও বিদ্যাপরিশীলিত কাবিচেতনায় তা পূর্ণমাত্রায় বিকাশ লাভ করেছিল।”  
পাঠ্য অংশ থেকে অন্তত পাঁচটি প্রসঙ্গ উল্লেখ করে ‘অন্নদামঙ্গল’ কাব্যে ভারতচন্দ্রের উপযুক্ত শব্দ ব্যবহারের কৌশল সম্বন্ধে আলোচনা করো।

(খ) “রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান রাজকঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনই তাহার কারুকার্য।”

ভারতচন্দ্রের কবিত্ব প্রসঙ্গে রবীন্দ্রনাথের এই অভিমতের সার্থকতা বিচার করো।

(গ) “‘অন্নদামঙ্গল’ কাব্যের সমাজচিত্র কেবল ধর্মকলহ ও ধর্মশৈথিল্যের আলেখ্যমাত্র নয়। এরই ফাঁকে ফাঁকে একান্ত পার্থিব প্রয়োজনের সামাজিক জীবনেরও রেখাচিত্র অঙ্কন করেছেন ভারতচন্দ্র।”

পাঠ্য অংশ থেকে উদ্ধৃতি দিয়ে মন্তব্যটির সার্থকতা প্রতিপন্ন করো।

(ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে হরগৌরী-বিবাদের কারণ ও পরিণতির একটি বিবরণ দাও।